

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
www.moa.gov.bd



## কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধু কৃষি উৎসব উদ্বাপন সংক্রান্ত ঘোষণা

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্বাপনের অংশ হিসেবে কৃষি মন্ত্রণালয় কর্তৃক দেশব্যাপী ইউনিয়ন পর্যায়ে 'বঙ্গবন্ধু কৃষি উৎসব' এর উদ্যোগ গ্রহণ করা হয়। আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে ৬৪টি জেলার ৭৮টি ইউনিয়নে একযোগে এ উৎসব উদ্বোধনের দিন ধার্য করা হয়। বছরব্যাপী সকল ইউনিয়নে পর্যায়ক্রমে অনুষ্ঠিতব্য এ কৃষি উৎসবে থাকবে লোকজ মেলা, উন্নত কৃষি প্রযুক্তি প্রদর্শন, স্থানীয় ও ঐতিহ্যবাহী ফসল ও পণ্যের সমাহার, মাটির স্বাস্থ্য পরীক্ষান্তে সার সুপারিশ সেবা। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক উপস্থাপিত কার্যক্রম, খাদ্য মন্ত্রণালয় কর্তৃক কৃষকের ন্যায্যমূল্যে ধানক্রয়ের অ্যাপস পরিচিতি, আমার বাড়ি আমার খামারসহ বিভিন্ন প্রতিষ্ঠানের নানাবিধ সেবা এবং লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান। সেই সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কৃষি ভাবনা ও বঙ্গবন্ধুর স্বপ্নের কৃষির ওপর ভিডিও প্রদর্শনী ও আলোচনাসহ বিভিন্ন অনুষ্ঠান।

করোনা ভাইরাসের কারণে সকল প্রকার জনসমাবেশ স্থগিতকরণের প্রেক্ষিতে তৃণমূল কৃষকদের অংশগ্রহণে, কৃষকদের জন্য আমাদের আয়োজিত 'বঙ্গবন্ধু কৃষি উৎসব' কার্যক্রম এখনই ব্যাপক আকারে শুরু করা সম্ভব হচ্ছে না। তবে নিজস্বভাবে সীমিত আকারে ১৪টি কৃষি অঞ্চলের ১৪টি ইউনিয়নে কৃষি উৎসব ১৭ মার্চ ২০২০ থেকে শুরু হবে। কৃষকসহ সর্বসাধারণের অংশগ্রহণে সারাদেশে সকল ইউনিয়নে 'বঙ্গবন্ধু কৃষি উৎসব' আয়োজনের তারিখ পরবর্তীতে জানানো হবে। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনায় অনুষ্ঠিতব্য সকল আয়োজনে আমাদের সাথে থাকুন। কৃষকের পাশে থাকুন।

মুজিব শতবর্ষ সফল হোক।

মোঃ নাসিরুজ্জামান  
সচিব  
কৃষি মন্ত্রণালয়

প্রচারে:



কৃষি তথ্য সার্ভিস  
www.ais.gov.bd



কৃষি মন্ত্রণালয়  
www.moa.gov.bd